এক ব্যক্তি মসজিদে ঘোষণা দিয়ে বললো, কে লাল উটের খোঁজ দিতে পারবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি যেন তা না পাও। মসজিদ যে উদ্দেশে নির্মিত সে উদ্দেশেই ব্যবহার করতে হবে।

বুরাইদাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, “এক ব্যক্তি মসজিদে ঘোষণা দিয়ে বললো, কে লাল উটের খোঁজ দিতে পারবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন,
তুমি যেন তা না পাও। মসজিদ যে উদ্দেশে নির্মিত সে উদ্দেশেই ব্যবহৃত হবে।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

এ হাদীসে বুরাইদাহ রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দিচ্ছেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বলতে শুনলেন, কে লাল উটের খোঁজ দিতে পারবে? সে তার লাল উটের ঘোষণা দিচ্ছে যে, যে সেটি পাবে সে যেন তাকে তার সন্ধান দেয়। “তুমি যেন তা না পাও” অর্থাৎ আল্লাহ তোমাকে সেটি ফিরিয়ে না দিন। অন্য বর্ণনায় এরূপই এসেছে। “মসজিদ যে উদ্দেশে নির্মাণ করা হয়েছে তা সে উদ্দেশে ব্যবহৃত হবে।” অতঃপর তিনি তাকে বদ-দু‘আর কারণ বর্ণনা করে বলেন, আল্লাহর ঘরসমূহ দুনিয়াবী কাজ-কর্মের জন্য নির্মিত হয়নি, যেমন হারানো উটের ঘোষণা, ক্রয়-বিক্রয় প্রভৃতি, বরং এটি নির্মিত হয়েছে সালাত আদায়, মহান আল্লাহর যিকির ও আখিরাত অন্বেষণের জন্যে।

http://sunnah.global/hadeeth/bn/show/8949